

বিজিএ/এডমিন/২০২৪/০১

০৪ জানুয়ারী ২০২৪

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ মেট্রোরেল ভ্রমণ এবং ভ্রমণসূচী প্রসঙ্গে।

প্রিয়সহকর্মী,

আসসালামু আলাইকুম ও নতুন বছরের শুভেচ্ছা।

আশা করি, আপনারা শীতের উৎসবমুখর পরিবেশে পরিবার-পরিজন, বন্ধু-বান্ধবদের নিয়ে উপভোগ্য সময় অতিবাহিত করছেন। বিশ্বব্যাপী অর্থনৈতিক ও ভূ-রাজনৈতিক সংকট থাকলেও অদম্য প্রচেষ্টায় শিল্পকে মোটামুটি ভালো রেখেছেন। এজন্য আপনাদেরকে জানাই অভিনন্দন।

বছরের শুরুতে আরেকটি সুসংবাদ দিতে চাই। আমাদের উত্তরাঞ্চল বিজিএমইএ কমপ্লেক্সে আসা-যাওয়ার ব্যবস্থা আরও স্বাচ্ছন্দ্যময় হয়েছে। ঢাকা মেট্রো রেল উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত সব স্টেশন চালু করেছে। এর বিশেষ সুফল পাবে উত্তরাঞ্চল বিজিএমইএ কমপ্লেক্স।

আপনাদের হয়তো মনে আছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৮ ডিসেম্বর ২০২২ সালে আগারগাঁও স্টেশন পর্যন্ত মেট্রোরেল উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে আমি এবং বিশেষভাবে আমাদের পোশাক শিল্পের ৫ জন শ্রমিক ভাইবোন উপস্থিত ছিলাম। সে অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীকে পোশাক শিল্পের এবং বিজিএমইএ ভবনের বর্তমান অগ্রগতি এবং বিশেষভাবে পোশাক শিল্পের সদস্য ও শিল্প সংশ্লিষ্টদের বিজিএমইএ কমপ্লেক্সে যাতায়াতের ব্যবস্থা এবং গুরুত্বসমূহ অবগত করা হয়। পরবর্তীতে ০৫ নভেম্বর ২০২৩ মেট্রোরেলট আগারগাঁও থেকে মতিঝিল স্টেশন পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত ১৬টি স্টেশনের সবগুলো নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী চলমান আছে।

উত্তরা উত্তর, উত্তরা সেন্ট্রাল এবং উত্তরা দক্ষিণ স্টেশনসমূহ থেকে বিজিএমইএ কমপ্লেক্সের অবস্থান যথেষ্ট কাছে। তাই, পোশাক শিল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির এখান থেকে খুব সহজেই ঢাকা শহরের অসহনীয় যানজট এড়িয়ে সহজেই প্রয়োজনীয় কাজসমূহ সম্পাদন করতে পারবেন। ফলে সাশ্রয় হবে মূল্যবান কর্মঘণ্টা এবং অর্থের, যা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা অর্জনকারী তৈরী পোশাক শিল্পের উৎপাদন কার্যক্রমকে আরও বেগবান করতে এবং সেইসাথে আমাদের প্রিয় মহানগর, ঢাকাকে যানঘটমুক্ত করতে সংশ্লিষ্ট সবাইকে মেট্রোরেলের সুবিধা নিয়ম অনুসারে এবং যথাযথভাবে ব্যবহারের জন্য একান্তভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান



সংযুক্তি : মেট্রোরেল চলাচলের সময়সূচী এবং বিস্তারিত বিষয়াবলী। (০১ পাতা)

চলমান পাতা ১/২

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

মেট্রোরেল চলাচলের সময়সূচী এবং বিস্তারিত বিষয়াবলী


উত্তরা উত্তর থেকে মতিঝিল/আগারগাঁও স্টেশন

Peak Hour	০৭:১০ - ১১:৩০	মতিঝিল	১০ মিনিট পর পর চলাচল করবে
Off Peak Hour	১১:৩১ - ১৬:০০	আগারগাঁও	১২ মিনিট পর পর চলাচল করবে
Peak Hour	১৬:০১ - ২০:০০	আগারগাঁও	১০ মিনিট পর পর চলাচল করবে
সাপ্তাহিক বন্ধ : শুক্রবার			

বিশেষ দ্রষ্টব্যঃ

- ১) ১১:৪০, ১১:৫০, ১২:০০ এবং ১২:১২ ০৪(চার)টি মেট্রো ট্রেন মতিঝিল স্টেশন থেকে যাত্রা শুরু করে প্রতিটি স্টেশনে থেমে উত্তরা উত্তর পর্যন্ত মেট্রোরেল চলছে।
উল্লেখ্য মতিঝিল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহবাগ, কাওরানবাজার, ফার্মগেট এবং বিজয়সরগি মেট্রোরেল স্টেশন হতে এই মেট্রো ট্রেন চারটিতে যাত্রীগণ শুধু MRT Pass/ Rapid Pass অথবা ভ্রমণের দিন সকাল ১১:৩০ মিনিটের পূর্বে ক্রয় করা Single Journey Ticket ভ্রমণ করতে পারবেন সকাল ১১:৩০ মিনিটের পর এই ০৭ (সাত) টি স্টেশন থেকে Single Journey Ticket (SJT) ক্রয় করা যাবেনা।
- ২) ২০:১৫ এবং ২০:৩০ এ ০২(দুই)টি মেট্রো ট্রেন আগারগাঁও স্টেশন থেকে যাত্রা শুরু করে প্রতিটি স্টেশনে থেমে উত্তরা উত্তর পর্যন্ত মেট্রোরেল চলছে।

MRT Pass ক্রয়ের সময়	উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সকল মেট্রোরেল স্টেশন হতে সকাল ৭:১৫- রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত; এবং মতিঝিল থেকে বিজয় সরগি পর্যন্ত সকল মেট্রো রেল স্টেশন হতে সকাল ৭:১৫ মিনিট থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত এমআরটিপাস ক্রয় করা যাবে।
MRT Pass ক্রয়ের সময়	www.dmtcl.gov.bd অথবা মেট্রো রেল স্টেশন হতে MRT Pass নিবন্ধন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে যেকোনো মেট্রোরেল স্টেশন থেকে ক্রয় করা যাবে। লিংক: MRT Pass/ Single Journey Ticket সম্পর্কিত তথ্যাদি।
চালু ১৬ টি স্টেশনেরনাম	উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর-১১, মিরপুর ১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয়সরগি, ফার্মগেট, কাওরানবাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় এবং মতিঝিল।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি

চলমান পাতা ২/২